# দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ কথোপকথনের বৈধাবৈধ

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

মহান আল্লাহর কোন ফয়সালার বিরুদ্ধে অভিযোগ আনা কোন শ্রেণীর পাপ?

মহান আল্লাহ ইচ্ছাময় বাদশা। তিনি যা ইচ্ছা ফয়সালা করেন। বান্দার জন্য যে ফয়সালা করেন, তা তার জন্য মঙ্গলময়। তার কোন ফয়সালাতে জুলুম বা অন্যায় থাকে না। তিনি আমাকে গরীব আর আপনাকে ধনী বানিয়েছেন- এটা তার বেইনসাফি নয়। তিনি আপনার ছেলেকে সুস্থ সবল রেখেছেন এবং আমার ছেলেকে বিকলাঙ্গ বানিয়েছেন--- এটা তার ফয়সালার অন্যায় নয়। কারণ তার কাছে আমাদের কোন অধিকার নেই , কোন প্রাপ্য নেই --- যা না পাওয়ার ফলে আমরা তার বিরুদ্ধে কোন অভিযোগ আনতে পারি। তিনি ইচ্ছা করলে আপনাকে নর্দমার কীট ও বানাতে পারতেন, তাতে কি আপনার কোন প্রতিবাদ চলত? কক্ষন না। সুতরাং তার কোন ফয়সালার বিরুদ্ধে অভিযোগ তুলে যে তা 'অন্যায়' বলে অভিহিত করবে, সে কাফের হয়ে যাবে। (ইবনে উসাইমিন)

মহান আল্লাহ বলেছেন,

“আল্লাহ আদেশ করেন। তাঁর আদেশের সমালোচনা (পুনর্বিবেচনা) কারার কেউ নেই এবং তিনি হিসাব গ্রহণে তৎপর। (রা’দঃ ৪১০)

তিনি আরও বলেছেন, “তিনি যা করেন, সে বিষয়ে তাকে প্রশ্ন করা হবে না; বরং ওদেরকেই প্রশ্ন করা হবে।” (আম্বিয়াঃ ২৩)

Source — https://www.hadithbd.com/books/link/?id=2115

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন